

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৭৯৭ ৩০/ পাপ ও তাওবা পরিচ্ছেদঃ পাপ-পুণ্য

## আরবী

وَعَن وَابِصَةَ بِنِ مَعبَدٍ قَالَ: أَتَيْتُ رَسُوْلَ اللهِ عَلَيْ فَقَالَ جئتَ تَسْأَلُ عَنِ البِرِ ؟ قُلْتُ: نَعَمْ فَقَالَ اسْتَفْتِ قَلْبَكَ البرُّ: مَا اطْمَأَنَّت إِلَيْهِ النَّفسُ وَاطْمأَنَّ إِلَيْهِ القَلْبُ وَالإِثْمُ: مَا حَاكَ في النَّفْسِ وَتَرَدَّدَ فِي الصَّدْرِ وَإِنْ أَفْتَاكَ النَّاسُ وَأَفْتُوكَ حديث حسن رواه أحمد والدَّارمِيُّ في مُسْنَدَيْهِمَا

## বাংলা

(৩৭৯৭)ওয়াবেস্বাহ ইবনে মা'বাদ (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, আমি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এলাম। অতঃপর তিনি বললেন, তুমি পুণ্যের ব্যাপারে জিজ্ঞাসা করতে এসেছ? আমি বললাম, 'জী হ্যাঁ।' তিনি বললেন, তুমি তোমার অন্তরকে (ফতোয়া) জিজ্ঞাসা কর। পুণ্য হল তা, যার প্রতি তোমার মন প্রশান্ত হয় এবং অন্তর পরিতৃপ্ত হয়। আর পাপ হল তা, যা মনে খটকা সৃষ্টি করে এবং অন্তর সন্দিহান হয়; যদিও লোকেরা তোমাকে (তার বৈধ হওয়ার) ফতোয়া দিয়ে থাকে।

## ফুটনোট

(আহমাদ ১৮০০১, ১৮০০৬, দারেমী ২৫৩৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ ওয়াবিসা বিন মা'বাদ জুহানী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন